গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,চাঁপাইনবাবগঞ্জ
www.dgfood.gov.bd
http://food.chapainawabganj.gov.bd

## আটার বরাদ্দ আদেশ

খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ২৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.২২.১৩৭ নং স্মারক; সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকার ২৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৫২.৫৭.০১৪.১৯.৪২১ নং স্মারক এবং খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, ঢাকা'র ১৬/১১/২০২২খ্রি. তারিখের ৪২৩ নং স্মারক ও খাদ্য অধিদপ্তর, বন্টন শাখা, ঢাকা'র ১৭/১১/২০২২খ্রি. তারিখের ৮৬২ নং স্মারকে ধার্যকৃত দরে নিম্নেবর্ণিত চাঁপাইনবাবগঞ্জ জেলার চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার ০৬ জন ওএমএস ডিলারগণকে অদ্য ২০/০৭/২০২৩খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় ময়দাকল মের্সাস রমজান ফুড ইন্ডাস্ট্রিজ, বিসিক শিল্পনগরী, নয়াগোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ হতে উপ-বরাদ্দ দেওয়া গমের ফলিত আটা উত্তোলন করার জন্য বরাদ্দ প্রদান করা হলো। একইসাথে জেলা প্রশাসকের কার্যালয় (সাধারণ শাখা), চাঁপাইনবাবগঞ্জ এর ৩১/০৮/২০২২খ্রি.তারিখের ৭৭৬ নং স্মারকের নির্দেশনানুযায়ী জেলা ওএমএস কার্যক্রম সুচারুভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট ডিলারের নামের পার্শ্বে বিক্রয় কেন্দ্র তদারকি করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে নিম্নে উল্লিখিত তারিখে আটা বিক্রয়ের ট্যাগ/তদারকী অফিসার হিসেবে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | ডিলারের নাম, পিতার নাম ও ঠিকানা, মোবাঃ নম্বর | বিক্রয় কেন্দ্রের নাম | জেলা প্রশাসন কর্তৃক নিয়োগকৃত তদারকী কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর | খাদ্য বিভাগীয় তদারকী কর্মকর্তা/কর্মচারীর ( বিকল্প তদারক) নাম ও মোবাইল নম্বর | বরাদ্দ কৃত আটার পরিমাণ | দৈনিক বিক্রির তারিখ ও পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২৩/৭/২৩ | ২৪/৭/২৩ | |
| ১ | মোঃ মনিরুল ইসলাম, পিতা- নুরুল ইসলাম, ফকিরপাড়া, ০১৭১২-০৪৫২৬৬ | শিবতলা মোড় চাঁপাইনবাব গঞ্জ | জনাব শরিয়তুল্লাহ জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা মোবা: ০১৭৯৫-১৮২৭৬৫ | মোসা: সালেমা খাতুন মোবা: ০১৭৪২-৮২০৫২১ উপ-খাদ্য পরিদর্শক | ২.০০০ | ১.০০০ | ১.০০০ | |
| ২ | মোঃ তারিক আজিজ খান পিতা- মোঃ মজিবুর রহমান, পাঠানপাড়া,০১৭২৪-১১৩৩১২ | নতুন হুজরাপুর ট্রাংকপট্টি | ডা: মো: মোস্তাফিজুর রহমান জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোবা: ০১৭১২-৪৯৪৭৯৪ | মো: আব্দুল্লাহ আল মামুন মোবা: ০১৭৩৪-১১০৯৮১ উচ্চমান সহকারী | ২.০০০ | ১.০০০ | ১.০০০ | |
| ৩ | মোঃ আমিনুল ইসলাম,পিতা- মৃতঃ আবুল কাশেম, চৌহদ্দীটোলা, ০১৭৪০-৬৪৩৪৬৪ | শাহনেয়ামতুল াহ কলেজ মোড় | কৃষিবিদ মোঃ মাহমুদার রহমান উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন মোবা: ০১৭১৮-৪০৯৩৯০ | মো: তহিদুল ইসলাম ০১৭২৬-৯১৬১৪৪ উপখাদ্য পরিদর্শক | ২.০০০ | ১.০০০ | ১.০০০ | |
| ৪ | মোঃ বদিউজ্জামান, পিতা- মোঃ দাউদ আলী , ফতেপুর, নামোশংকরবাটী, ০১৭১৩-৭৩৫৭৫৮ | রাজারামপুর অধিরের মোড় | জনাব মো: নুরুল ইসলাম জেলা বিপনণ কর্মকর্তা মোবা: ০১৭১৬-৫৩৯৮৬৭ | মো: মুনিরুল ইসলাম ০১৭২০-৯৮১৭৪৪ সহকারী উপখাদ্য পরিদর্শক | ২.০০০ | ১.০০০ | ১.০০০ | |
| ৫ | জেম এন্টারপ্রাইজ,মোঃ আঃ কাদের জেম,পিতা-মোঃ জাইজুদ্দীন মন্ডল, নয়াগোলাহাট, ০১৭২০-৫৪০৩২৭ | নয়াগোলাহাট চাঁপাইনবাব গঞ্জ | জনাব মো: মিজানুর রহমান সহকারী উপ-পরিচালক পরিবেশ অধিদপ্তর মোবা: ০১৭৩৭-৯০৪৪২৮ | মো: রফিকুল ইসলাম মোবা: ০১৭৪৭-৫০১৯৬৬ উপখাদ্য পরিদর্শক | ২.০০০ | ১.০০০ | ১.০০০ | |
| ৬ | মোঃ গোলাম রাব্বানী. পিতা- মৃতঃ কাইফুল ইসলাম, পাঠানপাড়া, ০১৭১২-৯৮৮০৪৭ | পাঠানপাড়া মোড় | জনাব মো: শফিকুল আলম জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মোবা: ০১৭১৪-৫২৫৩২৬ | মো: কাওসার হোসেন মোবা: ০১৭২৬-৩৭৬০২৭ নিরাপত্তা প্রহরী | ২.০০০ | ১.০০০ | ১.০০০ | |
| | | | | মোট= | ১২.০০০ | ৬.০০০ | ৬.০০০ | |

ক) উপ-বরাদ্দকৃত গমের ফলিত আটা মিলার প্রতি কেজি ২১.৫/- (একুশ টাকা পঞ্চাশ পয়সা) দরে (নগদ মূল্যে) খাদ্য বিভাগ কর্তৃক নিযুক্ত সংশ্লিষ্ট ওএমএস ডিলারদের নিকট বিক্রয় করবেন। ওএমএস ডিলারগণ প্রতি কেজি ২৪/- (চব্বিশ) টাকা মূল্যে মাথা পিছু সর্বোচ্চ ৪(চার) কেজি হারে আটা ভোক্তা পর্যায়ে বিক্রয় করবেন। আটা বিতরণ/বিক্রয়ের অন্তত একদিন আগে ডিলারগণ আটা উত্তোলন করবেন এবং পরের দিন সকাল ৯-০০ টা থেকে আটা বিক্রয় কার্যক্রম শুরু নিশ্চিত করণার্থে জেলা প্রশাসন/খাদ্য বিভাগ নিয়োগকৃত তদারকী কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে বরাদ্দের দিন (রবিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত যেকোন দিন তবে সরকারী ছুটির দিন ব্যতীত) বিকাল ০৫-০০ টা অথবা বিক্রি শেষ না হওয়া পর্যন্ত (যেটি আগে ঘটে) বিক্রয় করতে হবে।

খ) ভোক্তা পর্যায়ে জনপ্রতি সর্বোচ্চ ০৪(চার) কেজি করে প্রতি কেজি আটা ২৪.০০ (চব্বিশ) টাকা হিসেবে ডিলারগণ বিক্রয় করবেন।

গ) জেলা প্রশাসন/খাদ্য বিভাগ তদারকী কর্মকর্তাগণ সংশ্লিষ্ট দোকানে মজুদ পরীক্ষান্তে দিনের নির্ধারিত পরিমাণ (১০০০) কেজি আটা বিক্রয়ের আদেশ দিয়ে তারিখ ও সময় উল্লেখপূর্বক বিক্রয় আদেশ দিবেন। বিক্রয় শেষ মজুদ পরীক্ষান্তে মন্তব্য লিপিবদ্ধকরতঃ তারিখ ও সময় উল্লেখপূর্বক সমাপনী স্বাক্ষর করবেন।

ঘ) জনপ্রতি নির্ধারিত পরিমাণ আটা বিক্রয় ও বিক্রয় খাদ্যশস্যের মাষ্টার রোল ডিলারগণ তৈরি করে সংরক্ষণ করবেন।

ঙ) প্রত্যেক ডিলার শুক্রবার, শনিবাব ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন বরাদ্দ প্রাপ্ত ১.০০০ মে.টন কিংবা ১.০০০ মেঃটনের মধ্যে যতটুকু বিক্রয় হয় ততটুকু করে আটা বিক্রয় করবেন এবং দিনের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্য বিক্রয় অন্তে নিঃশেষ না হলে দিনের অবিক্রিত খাদ্যশস্য পরবর্তী ওএমএস দিবসের বরাদ্দের সাথে ডিলার সমন্বয় করে বিক্রয় করবেন।

চ) জেলা প্রশাসন/খাদ্য বিভাগ কর্তৃক নিয়োগকৃত তদারকি কর্মকর্তা/ট্যাগ অফিসার বিক্রয় স্থলে দিনের বিক্রয়যোগ্য খাদ্যশস্যের বস্তা ও পরিমাণ সর্ম্পকে সন্তুষ্ট হয়ে বিক্রয় আদেশ দিবেন। তদারকী কর্মকর্তা বিক্রয় কার্যক্রমে কোন অনিয়ম দেখলে তৎক্ষণাত জেলা প্রশাসন/অত্র দপ্তরকে অবহিত করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন।

ছ) ডিলার মজুদ রেজিষ্টার, বিক্রয় রেজিষ্টার ও পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন। প্রত্যেক ডিলার পরবর্তী বরাদ্দ প্রাপ্তির জন্য পূর্ববর্তী বিক্রয়ের তথ্য মাষ্টার রোল নির্ধারিত তদারকী কর্মকর্তা কর্তৃক বরাদ্দ প্রদানের সুপারিশ সাপেক্ষে খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক, জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, চাঁপাইনবাবগঞ্জ এর নিকট জমা প্রদান করবেন। পরবর্তী বিক্রয়ের জন্য খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক, চাঁপাইনবাবগঞ্জ হতে প্রাপ্ত সুপারিশ সাপেক্ষে পরবর্তী বরাদ্দ প্রদান করা হবে।

জ) আটা মাপার নিক্তি এবং বাটখারা/ ডিজিটাল ওজন মাপক যন্ত্র ত্রুটিমুক্ত হতে হবে। ডিলার কর্তৃক কোন কারচুপি বা অসাধুতা পরিদৃষ্ট হলে তদারকী কর্মকর্তা জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ অথবা জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ বরাবর লিখিত রিপোর্ট প্রেরণ করবেন। খাদ্য অধিদপ্তরের ওএমএস বিক্রয় নীতিমালা/২০১১" ও ওএমএস নীতিমালা/২০১৫ এবং পরবর্তীতে জারীকৃত অন্যান্য নির্দেশনাসমুহের সকল শর্তাবলী সঠিকভাবে অনুসরণ করে দৈনিক বিক্রয় কার্যক্রম সম্পূর্ণ করতে হবে।

ঝ) করোনা ভাইরাস সংক্রমন পরিস্থিতিতে ওএমএস কার্যক্রমে আটা বিক্রির সময় স্বাস্থ্যবিধি প্রতিপালণ নিশ্চিত করার বিষয়টি বিশেষ বিবেচনায় রেখে ভোক্তাগণের মাঝে দুরত্ব বজায় রাখার জন্য ৩(তিন) ফুট পরপর গোলক চিহ্ন মার্ক দিয়ে ভোক্তাদের দাঁড় করানোর বিষয়টি যথাযথ প্রতিপালন করতে হবে। এর ব্যত্যয় হলে স্থানীয় প্রশাসন/আইন শৃঙ্খলা বাহিনী তাৎক্ষণিক ওএমএস নীতিমালা মোতাবেক তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণসহ প্রচলিত আইনের আওতায় নিয়ে আসবেন।

শ্যই খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ২৯/০৮/২০২২খ্রি. তারিখের ৫৩৫৭ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী ওএমএস বিক্রয় কেন্দ্র সহজে ন্য দোকান/ট্রাকে প্যানফ্লেক্স (লাল রং) ব্যানার (৬ ফুট-৩ ফুট) ঝুলাতে হবে এবং প্যানফ্লেক্স (লাল রং) ব্যানারে মাথাপিছু সর্বোচ্চ কত কেজি আটা প্রদান করা হবে এবং প্রতি কত টাকা তা উল্লেখ থাকতে হবে।

২০/৯/২৩

( মোঃ জাকির হোসেন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
আয়ন-ব্যয়ন কর্মকর্তা
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ।

২০.০৯.২৩

স্মারক নং- ১৩.০১.৭০০০.০০২.৫৭.০০০.২২ -২২৮৮

তারিখ ঃ২০ /০৯/২০২৩ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
২। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।
৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
৪। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চাঁপাইনবাবগঞ্জ। জেলা আইন-শৃঙ্খলা সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি ওএমএস বিক্রয় কেন্দ্রে ০২ জন করে আনসার সদস্যকে প্রদানের অনুরোধসহ।
৫। জনাব ......................................................................, জেলা প্রশাসন কর্তৃক নিয়োগকৃত ট্যাগ অফিসার।
৬। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর।
৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ সদর।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর এলএসডি।
৯। জেলা প্রশাসন/খাদ্য বিভাগ নিয়োগপ্রাপ্ত সংশ্লিষ্ট তদারকী কর্মকর্তা/কর্মচারী............................................................। সকাল ০৯.০০ ঘটিকায় দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রে উপস্থিত হয়ে আটা বিক্রয় কার্যক্রম শুরু করতে হবে এবং বিক্রয় শেষে মাষ্টাররোল যাচাইঅন্তে রেজিষ্টারে স্বাক্ষর করবেন।
১০। কারিগরী খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর, চাঁপাইনবাবগঞ্জ। নির্ধারিত বিক্রয় দিবসে ডিলারের বিক্রয় কার্যক্রম তদারকি করার জন্য বলা হলো।
১১। সংশ্লিষ্ট ওএমএস ডিলার..........................................................................................................।
১২। অফিস কপি ।

২০/৯/২৩

আয়ন-ব্যয়ন কর্মকর্তা
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ।

২০.০৯.২৩